# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

| | | |
|---|---|---|
| পলিসি নাম | স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা ( **Health & Safety Policy)** | |
| পলিসি নম্বর | ১৩ | |
| পরীক্ষণের তারিখ | ০১ লা জানুয়ারী ২০২০ | |
| প্রস্তুতকারী | মোঃ ইদ্রিস মল্লিক- ব্যবস্থাপক(কমপ্লায়েন্স) | |
| পরীক্ষণকারী | মোঃ মাহমুদ হোসেন উপ মহাব্যবস্থাপক(মানব সম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স) | |
| অনুমোদনকারী | আলফাজ উদ্দিন আহমেদ- নির্বাহী পরিচালক | |

# স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালার আলোচ্যসূচী

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ০১. | **স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা ঃ** |
| ০২. | **অর্গানাইজেশন ঃ**<br>২.১ অর্গানাইজেশন চার্ট<br>২.২ বাস্তবায়নকারী কর্তৃপক্ষের দায়িত্বসমূহ |
| ০৩. | **রুটিন ও প্রসিডিউর ঃ**<br>৩.১ বাস্তবায়ন রুটিন<br>৩.২ যোগাযোগ রুটিন<br>৩.৩ ফিডব্যাক এবং কন্ট্রোল রুটিন |
| ০৪. | **যোগাযোগ ও বাস্তবায়ন ঃ**<br>৪.১ যোগাযোগ<br>৪.২ বাস্তবায়ন |
| ০৫. | **ফিডব্যাক এবং কন্ট্রোল ঃ** |

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

## ১স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা

ভূমিকাঃ- স্বাস্থ্য মানবসম্পদ উন্নয়নের গুরুত্বপূর্ন সূচক হিসেবে সর্বজনীনভাবে স্বীকৃত। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধানের অনুচ্ছেদ ১৫(ক) এবং ১৮(১) এ চিকিৎসা সেবা, জনগনের পুষ্টির স্তর উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধন এবং বাংলাদেশ শ্রম আইন ২০০৬ইং / সংশোধীত আইন ২০১৩ইং এর সপ্তম অধ্যায় অনুযায়ী কর্মক্ষেত্রে সকল শ্রমিক, কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য এবং নিরাপত্তার বিষয়টি রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হিসাবে স্বীকৃতি দেয়া হয়েছে।

**কর্তৃপক্ষের প্রতিশ্রুতিঃ** গার্মেন্টস শিল্প বাংলাদেশে একটি অনন্য রপ্তানী মুখী প্রতিষ্ঠান। গুণগত মানের জন্য এর যথেষ্ট সুনাম রয়েছে। গার্মেন্টস শিল্প থেকে এদেশের সিংহ ভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হয়ে থাকে। একবিংশ শতাব্দীর সূচনা লগ্নে এই শিল্পের উত্তরোত্তর প্রসার ও ব্যপ্তি বেশ উৎসাহ ব্যাঞ্জক। বর্তমানে বাংলাদেশের গার্মেন্টস খাতে এই গ্রুপের উত্তরোত্তর উন্নতিকল্পে এবং প্রতিটি ফ্যাক্টরীর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে একটি সুন্দর ও নিরাপদ কাজের পরিবেশ সৃষ্টি করতে ষ্টারলিং ডেনিমস্ লিঃ কর্তৃপক্ষ দৃড় প্রতিজ্ঞ।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রাথমিক স্বাস্থ্য সংক্রান্ত আলমা-আতা ঘোষনা, জাতিসংঘের সার্বজনীন মানবাধিকার ঘোষনার অনুচ্ছেদ ২৫(১), আন্তর্জাতিক অর্থনৈতিক,সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সম্মেলনের অনুচ্ছেদ ১২ এবং নারীর প্রতি সর্ব ধরনের বৈষম্য দুরীকরন সংক্রান্ত কনভেনশনের অনুচ্ছেদ ১২ এসব আন্তর্জাতিক ঘোষনায় স্বাক্ষরদাতা দেশ হিসাবে বাংলাদেশ স্বাস্থ্য সেবা উন্নয়নে অঙ্গীকারাবদ্ধ। আর সে আলোকেই একটি সুষ্ঠ ও পরিপূর্ণ স্বাস্থ্য নীতি প্রণয়ন এবং তা কার্যে পর্যবেশিত করার কোন বিকল্প নেই।

**উদ্দেশ্যঃ** সুস্বাস্থ্য এবং নিরাপদ উৎপাদন ব্যবস্থা পরিচালনা করার জন্যই ষ্টারলিং ডেনিমস্ লিঃ এর এই সু-পরিকল্পিত বাস্তবতা সম্পন্ন স্বাস্থ্য এবং নিরাপত্তা নীতি প্রণয়ন করা। আর এই লক্ষ্যে কর্তৃপক্ষের উদ্দেশ্য গুলো নিম্নে আলোকপাত করা হল ঃ

- ক) ফ্যাক্টরীতে ভালো ভাবে কাজ করার একটি স্বাস্থ্যসম্মত পরিবেশ সৃষ্টি করা।
- খ) ফ্যাক্টরী ও পার্শ্ববর্তী এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখা।
- গ) ফ্যাক্টরীর প্রতিটি ষ্টাফ ও শ্রমিককে স্বাস্থ্য সচেতন করে তোলা।
- ঘ) স্বাস্থ্য বিধি মোতাবেক প্রতিটি শ্রমিকের জন্য প্রয়োজনীয় হাসপাতাল, ডাক্তার ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা।
- ঙ) ফ্যাক্টরীর প্রতিটি শ্রমিকের জান ও মালের নিরাপত্তা নিশ্চিত করা।

**লক্ষ্যঃ** স্বাস্থ্য সেবায় লিঙ্গ সমতা নিশ্চিত করা, চিকিৎসার প্রয়োজনীয় উপকরন সরবরাহ , শ্রমিক কর্মচারীদের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা, সকল প্রকার পেশাগত ব্যাধি নির্মূল করা, দূষন মুক্ত কর্ম পরিবেশ এবং রিস্ক এসেসমেন্ট এর মাধ্যমে সমাজ ও পরিবেশের ক্ষতি না করে একটি সুস্বাস্থ্য এবং নিরাপদ উৎপাদন ব্যবস্থা পরিচালনা করা এবং কর্মক্ষেত্রে দুর্ঘটনার/জখমের পরিমান সর্বনিম্ন পর্যায়ে আনয়ন এ নীতিমালার লক্ষ্য।

## নিরাপত্তা নীতিমালাসমুহ

২০০৬ সালের (সংশোধিত) কারখানা আইনের ধারা ৬১ থেকে ধারা ৭৮ এর মধ্যে নিরাপত্তা বিধির বিভিন্ন দিক গুলি বিষদভাবে বিশ্লেষণ করা আছে। এছাড়াও শ্রমিকদের জন্য নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নে বর্ণিত বিষয়গুলির ব্যবস্থা করা হয়েছে।

### ভবন ও যন্ত্রপাতির নিরাপত্তা (ধারা ৬১)

অত্র কারখানা ভবনটি উৎপাদন শিল্পে ব্যবহৃত হবে বিধায় এই ভবনটি নির্মানের সময় থেকেই ভবনের নিরাপত্তা বিষয়গুলি বিবেচনায় রাখা হয়। কারখানা ভবনটি একটি সুখ্যাত প্রতিষ্ঠানের ০২ জন সুশিক্ষিত ও আইবিএর রেজিষ্ট্রিকৃত প্রকৌশলী দ্বারা এর নকশা ও সার্বিকভাবে তাঁদের তত্বাবধানে এর নির্মানকাজ সম্পন্ন করা হয়। মূল

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা।

নকশায় উক্ত প্রকৌশলী তাঁদের রেজিষ্ট্রিকৃত স্বাক্ষর নম্বর উল্লেখ্য পূর্বক নকশা প্রনয়ন করেন এবং নির্মাণের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রয়োজনীয় অনুমোদন নেওয়া হয়। এমনকি পরবর্তিতে "এই ভবনটি গার্মেন্টস শিল্পের জন্য উপযুক্ত" এমন প্রত্যায়ন পত্রও প্রকৌশলী কর্তৃক দেওয়া হয়। এছাড়াও অত্র ফ্যাক্টরী কর্তৃক নিয়োগকৃত একজন সিভিল ইঞ্জিনিয়ার নিয়মিত ভবন পরিদর্শন করেন এবং কোন সুপারিশ থাকিলে তাহা কর্তৃপক্ষকে অবহিত করেন।

অত্র ফ্যাক্টরীর মেশিন লে আউট প্ল্যান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন দেয়া আছে। এছাড়া প্রতি বছর কলকারখানা অধিদপ্তর হইতে ফ্যাক্টরী লাইসেন্স নবায়ন করা হয়।

## যন্ত্রপাতি ঘিরিয়া রাখা (ধারা ৬৩)

**নিরাপদ কাজের পরিবেশ সৃষ্টির জন্য ফ্যাক্টরীর আভ্যন্তরীন ও পারিপার্শ্বিক নিরাপত্তা একান্ত প্রয়োজন। ফ্যাক্টরীতে কর্মরত প্রত্যেক শ্রমিকের নিরাপত্তার কথা মাথায় রেখে ফ্যাক্টরীর অভ্যন্তরে জেনারেটর, বয়লার ও কম্প্রেশার মজবুতভাবে ঘেরা আছে এবং অঅনুমোদিত ব্যাক্তি ছাড়া সেখানে প্রবেশ নিষেধ। এছাড়াও সকল সুইং মেশিনের মোটর বেল্ট কভার দ্বারা ঢাকিয়া রাখা হয় এবং শ্রমিকদের নিরাপত্তার স্বার্থে মেশিনে কর্মরত মহিলা শ্রমিকদের কাজ করার সময় চুল ও ওড়না বাধিয়া রেখে কাজ করার ব্যাপারে সচেতন করা হয়।**

## প্রেসার প্ল্যান্ট (ধারা ৭১)

অত্র ফ্যাক্টরীর উৎপাদন প্রক্রিয়ায় নিয়োজিত বয়লার ও কমপ্রেশার বায়ূ চাপ যেন নিরাপদ চাপ অতিক্রম করতে না পারে সেইজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

## মেঝে, সিড়ি এবং যাতায়াতের পথ (ধারা ৭২)

**অত্র ফ্যাক্টরীর সকল মেঝে,সিঁড়ি চলাচল পথ মজবুতভাবে নির্মাণ করা হয়েছে। এছাড়া অধিকতর নিরাপত্তা নিশ্চিত করার লক্ষে সকল সিড়িঁতে মজবুত রেলিং এর ব্যবস্থা আছে। এছাড়া ফ্যাক্টরী চলাকালীন সময়ে কর্মস্থলের সকল ফ্লোর, চলাচলের পথ ও সিড়িঁ পরিচ্ছন্ন, প্রশস্ত ও বাধা বন্ধকহীন থাকে।**

## অতিরিক্ত ওজন (ধারা ৭৪)

**অত্র ফ্যাক্টরীর কোন শ্রমিককে, তাহার ক্ষতি হইতে পারে এমন কোন ভারী জিনিষ উত্তোলন, বহন অথবা নাড়াচাড়া করিতে দেওয়া হয়না।**

## বিশুদ্ধ পানি সরবরাহ:

**সকলের স্বাস্থ্য নিরাপত্তার নিশ্চিতের জন্য কোম্পানীতে বিশুদ্ধ খাবার পানি ব্যবথা করা হয়েছে।**

## পরিস্কার টয়লেট:

**সকলের স্বাস্থ্য নিরাপত্তার নিশ্চিতের জন্য কোম্পানীতে পরিস্কার টয়লেট এবং টয়লেট ব্যবহারের জন্য সাবান,পরিস্কার কাপড়,জুতার ব্যবস্থা করা হয়েছে।**

## ডাইনিং:

**কোম্পানীতে পরিস্কার পরিচ্ছন্ন ডাইনিং ব্যবস্থা করা হয়েছে।**

## মেডিক্যাল রুম:

**কোম্পানীতে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ অনুযায়ী ফ্রি প্রাথমিক চিকিৎসা সেবা ও মেডিক্যাল সেবার ব্যবস্থা করা হয়েছে।**

# স্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

## বিশ্রাম কক্ষ:

**কোম্পানীতে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ অনুযায়ী বিশ্রাম কক্ষের ব্যবস্থা করা হয়েছে।**

## চোখের নিরাপত্তা (ধারা ৭৫)

**অত্র ফ্যাক্টরীর উৎপাদন প্রক্রিয়ার কারনে উৎক্ষিপ্ত বা বিচ্ছুরিত কনা বা টুকরা হইতে চোখের নিরাপত্তা বিধানের জন্য উপযুক্ত চশমা বা চোখাবরনের ব্যবস্থা করা হইয়াছে।**

## আত্নরক্ষামূলক সরঞ্জামাদী ব্যবহার নীতিমালা

আত্নরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহারের জন্য যে সমস্ত নীতিমালা গ্রহণ করা হয়েছে সে গুলো নিম্নরুপ ঃ

১) আত্নরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহারের নিয়ম শিখানোর জন্য শ্রমিকদের একটি আনুষ্ঠানিক শিক্ষাদানের আয়োজন করা হয় ।

২) কারখানায় কর্মরত প্রত্যেকটি শ্রমিককেই মুখোশ ব্যবহারের জন্য পরামর্শ দেয়া হয়।

৩) কাটিং মেশিনে কর্মরত প্রত্যেক শ্রমিককেই অবশ্যই হাত মোজা ও মুখোশ ব্যবহারের নির্দেশ দেয়া হয়।

৪) সুইং মেশিনে কর্মরত সকল শ্রমিককে মুখোশ, নিডল্ গার্ড , আই গার্ড সিজার, কাটার বাধিয়া ব্যবহারের জন্য প্রশিক্ষণ দেয়া হয়।

৫) শ্রমিকরা সঠিকভাবে এ সব ব্যবহার করছে কিনা তা নিশ্চিত করার জন্য লাইন সুপারভাইজরদের নির্দেশ দেয়া হয়।

৬) নোটিশ বোর্ড, কর্মীদের খাবার স্থান ও বিশ্রামস্থল সহ প্রধান প্রধান স্থানে আত্নরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহারের নিয়মাবলী ঝুলানো হয় ।

৭) আত্নরক্ষামূলক সরঞ্জামাদি শ্রমিকদের মাঝে বিনামূল্যে সরবরাহ করা হয়।

৮) ধূমপান নিষেধ (No Smoking) সচেতনতামূলক পোস্টার দিতে হবে।

## বৈদ্যুতিক যন্ত্রপাতি

স্টারলিং ডেনিমস্ লিঃ নিয়োজিত সকল শ্রমিক, কর্মচারীদের জন্য এই নীতি প্রযোজ্য হবে।

১) সকল বৈদ্যুতিক সংযোগ নিরাপদ ভাবে করতে হবে।

২) কোথাও কোন খোলা তার, ইনসুলিশন টেপযুক্ত তার থাকবে না।

৩) কোথাও কোন বাতি ফিউজ হলে তা সাথে সথে বদলাতে হবে যেন আলোর স্বল্পতা না হয়।

৪) মেইন সুইচ বোর্ড গুলি যথাযথ ভাবে চিহ্নিত করে সেগুলো সব সময় Accessible (সুগম) রাখতে হবে যেন প্রয়োজনের সময় ব্যহার করতে কেউ বাধা প্রাপ্ত না হয়।

৫) মেইন সুইচ বোর্ডের উল্লেখযোগ্য সুইচ গুলোর "ON" এবং "OFF" এর Direction মার্কিং করে রাখতে হবে।

৬) মেশিনের সাথে সংযুক্ত তার এবং অন্যান্য বৈদ্যুতিক তার এমন ভাবে বিন্যাস করতে হবে যেন অপারেটরদের স্বাভাবিক কাজ বাধা গ্রস্থ না হয়।

৭) সমস্ত এ্যালার্ম সিস্টেম যথাযথ ভাবে চিহ্নিত করতে হবে এবং বৈদ্যুতিক সংযোগ কেটে দেয় ।অবস্থায় এগুলোর বিকল্প ব্যবস্থা রাখতে হবে।

৮) বিদ্যুৎ চলে গেলে ফ্যাক্টরীতে পর্যাপ্ত আলোর জন্য প্রয়োজনীয় সংখ্যক Emergency Light: এর ব্যবহার করতে হবে।

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

## হ্যান্ড ট্যাগ গান ব্যবহার নীতি

ষ্টারলিং ডেনিমস্ লিঃ স্বাস্থ্য ও নিরাপত্তার কথা বিবেচনা করিয়া হ্যান্ড ট্যাগ গান ব্যবহারের সঠিক নিরাপত্তা মূলক ব্যবস্থা গ্রহনের নীতিগত সিদ্ধান্ড় গ্রহণ করেছেন। এই নীতির আলোকে হ্যান্ড ট্যাগ গান ব্যবহারকারী বিভাগের প্রধানকে প্রধানত দায়িত্ব প্রদান করা হইল। সাধারণত ফিনিশিং বিভাগকেই হ্যান্ড ট্যাগ গান ব্যবহার করতে হয়। তাই এই বিভাগের যে সকল শ্রমিক কর্মচারী হ্যান্ড ট্যাগ গান ব্যবহার করেন, তাহাদের প্রতি এই নির্দেশনা দেয়া হইল যে, তাহারা যেন নিম্নলিখিত পলিসির মর্মার্থ বুঝিয়া এবং অনুধাবন করিয়া যথাযথ ভাবে এই পলিসির সকল নির্দেশনা মানিয়া চলেন। নির্দেশনা সমূহ নিম্নরূপঃ

১. হেন্ড টেগ গান ব্যবহারকারী তাহার টেগ গানে নিজ নাম এবং আই ডি নং নিশ্চিত করিবেন।

২. টেগ গানের নিডেল রাষ্ট মুক্ত হতে হবে।

৩. কাজ শেষে নিজ টেগ গানটি নিজ বা সুপারভাইজারের হেফাজতে তালা বদ্ধ অবস্থায় সংরক্ষন করতে হবে।

৪. টেগ গানের সূঁচালো মাথাটি যেন অন্যকে আঘাত না করে, সেভাবে সাবধানতা অবলম্বন করতে হবে।

৫. যদি টেগ গান ব্যবহারকারী অনুপস্থিত থাকেন, সে ক্ষেত্রে তাহার ব্যবহৃত টেগ গানটি অন্য কেহ ব্যবহার করিতে পারিবেনা।

৬. যদি টেগ গান ব্যবহারকারী চাকুরী হইতে অবসর গ্রহণ করে থাকেন, সে ক্ষেত্রে তাহার ব্যবহৃত টেগ গানটির নিডেল পরিবর্তন করে এরং নতুন ব্যবহারকারীর নাম ও কার্ড নং উল্লেখ পূর্বক অন্য কেহ ব্যবহার করিতে পারিবেন।

৭. টেগ গান ব্যবহারকারী তাহার অপর হাত সাবধানে রাখবেন, যাহাতে হাতে কোন নিডেলের দাগ না থাকে।

৮. আপনার ব্যবহৃত টেগ গানটি নিরাপত্তামূরক বাধনের সাথে বেধে রাখুন।

৯. যাহাতে হাত থেকে পড়ে গিয়ে ভেঙ্গে না যায়।

১০. যাহা সরাসরি আপনার পায়ে আঘাত আনতে না পারে।

১১. খেলার ছলে বা অতি সামান্য সময়ের জন্যেও ২য় কোন ব্যাক্তিকে আপনার টেগ গান টি ব্যবহার করতে দিবেন না।

১২. মনে রাখবেন এই টেগ গান দ্বারা ভয়াবহ মরণব্যাধী এইডস্ সংক্রমিত হতে পারে। তাই নিজেকে রক্ষার সার্থে হ্যান্ড টেগ গান নিজ হেফাজতে রেখে ব্যবহার করবেন।

## ভাঙ্গা নিডল্ সম্পর্কিত নীতি

ষ্টারলিং ডেনিমস্ লিঃ স্বাস্থ্য ও নিরাপত্তার কথা বিবেচনা করিয়া **ভাঙ্গা নিডেল সম্পর্কিত নীতিমালা** গ্রহনের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

০১. কোন নিডেল ভেঙ্গে গেলে অপারেটর সাথে সাথে লাইন সুপারভাইজার কে জানাতে হবে।

০২. সুপারভাইজার ভাঙ্গা নিডেলের সব টুকরো গুলো অবশ্যই চুম্বকের মাধ্যমে সংগ্রহ করে অপারেটরের মাধ্যমে অথবা নিজে নিডেল ম্যানের কাছে জমা দিবে এবং ভাল নিডেল নিবেন।

০৩. নিডেল ম্যান সাথে সাথে তার নির্ধারিত রেজিষ্টার ফরমে নিডেলটি টেপ দিয়ে আটকিয়ে রাখবেন।

০৪. কোন ভাঙ্গা নিডেলের অংশ কোন বডিতে বা বান্ডিলে চলে গেলে বা সন্দেহ হলে সাথে সাথে সংশ্লিষ্ট অপারেটর লাইন সুপাভাইজার কে জানাবেন।

০৫. সুপাভাইজার সেই বডি বা বান্ডিলটি (সব বটম এর পার্টসহ) একটি লাল ফিতা দ্বারা বেধে সতর্ক ভাবে মেটাল চেক টেবিলে গিয়ে জমা দিবেন।

০৬. মেটাল চেক টেবিলে কোয়ালিটি ইন্সপেক্টর তার রেজিষ্টারে বিস্তারিত রেকর্ড করবেন।

০৭. রেকর্ড কিপিং এর পর ভাঙ্গা নিডেলের অংশ চেক করবেন এবং রেকর্ড রেজিষ্টার বুকে রেজাল্ট লিখে রাখবেন।

০৮. চেক করার পরও যদি ভাঙ্গা নিডেলের অংশ পাওয়া না যায় তখন সেই বডি বা বান্ডিলটি মেটাল চেক মেশিন দ্বারা চেক করতে হবে।

০৯. চেক করার পর ভাঙ্গা নিডেলটি পাওয়া গেলে সেই নিডেলের পুরো অংশসহ নিডেল ম্যনের কাছে জমা দিবেন এবং ভাল নিডেল নিবেন। নিডেল ম্যান পুরো ভাঙ্গা নিডেল তার নির্ধারিত স্থানে টেপ দিয়ে আটকিয়ে দিবেন।

## বিভিন্ন ষ্টোর

১) ফ্যাক্টরীতে অবস্থিত ফ্যাবরিক এবং Accessories Store সুন্দর ও পরিপাটি করে রাখতে হবে।

২) ষ্টোরে অগ্নি নির্বাপক যন্ত্র রাখতে হবে।

৩) ষ্টোরের র‌্যাক যেন বেশী উঁচুতে না হয়।

৪) ষ্টোরে বৈদ্যুতিক তার সংযুক্ত আলোর ব্যবস্থা থাকবেনা।

# ২.১ অর্গানাইজেশন

ষ্টারলিং ডেনিমস্ লিঃ একটি বৃহৎ পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠান। সহস্রাধিক শ্রমিক এই প্রতিষ্ঠানে কর্মরত। কর্তৃপক্ষ সব সময় শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে গুরুত্ব দিয়ে থাকে।

শ্রমিকদের স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করাই এই নীতিমালার লক্ষ্য।

উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখার লক্ষ্যে মাঝে মাঝে শ্রমিকদের স্বাস্থ্য সেবা ও নিরাপত্তা সম্পর্কিত বিষয়ে বিভিন্ন সমস্যা সমাধানের প্রয়োজন হয়। উপরোক্ত প্রক্রিয়া সমুহের স্বচ্ছতা , নীতিমালা প্রয়োগ ও বাস্তবায়নের প্রক্রিয়া পর্যবেক্ষণ ও উপরোক্ত বিষয়ের উপর কারেক্টিভ এ্যাকশন প্লান করা এবং তা প্রয়োগ করার নিমিত্তে নিম্নলিখিত ১০ (দশ) সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করিয়াছে।এ কমিটি মাসে অন্তত একটি আনুষ্ঠানিক সভা করে থাকেন।

# **ষ্টারলিং ডেনিমস্ লিঃ**

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

**কমিটি**

এই লক্ষ্যকে সামনে রেখে **ষ্টারলিং ডেনিমস্ লিঃ** নিম্নলিখিত ১০(দশ) সদস্যের সমন্বয়ে একটি কমিটি গঠন করিয়াছে।

| নাম | পদবী |
|---|---|
| ০১। আলফাজ উদ্দিন আহমেদ | নির্বাহী পরিচালক |
| ০২। পি. মাইক সামিন্ডা ফারনান্ডো | সিঃ মহাব্যবস্থাপক (অপারেশন) |
| ০৩। মোঃ মাহমুদ হোসেন | উপঃ মহাব্যবস্থাপক (মানব সম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স) |
| ০৪। মোঃ ইদ্রিস মল্লিক | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স) |
| ০৫। তৈয়বুর রহমান | ব্যবস্থাপক (ইএমএস) |
| ০৬। মোঃ ইলিয়াস হাওলাদার | ব্যবস্থাপক (প্রশাসনও মানব সম্পদ) |
| ০৭। ডাঃ আব্দুল্লাহ আল সুফিয়ান | মেডিকেল অফিসার |
| ০৮। মোঃ হুমায়উন কবির | সহঃ ব্যবস্থাপক ফায়ার |
| ০৯। আঃ রব খান | নির্বাহী কর্মকর্তা (কমপ্লায়েন্স) |
| ১০। কুলসুম আক্তার | সেফটি কমিটির প্রতিনিধি |

## **২.২ অর্গানাইজেশন চার্ট**



# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

## ২.২ বাস্তবায়নকারী কর্তৃপক্ষের দায়িত্বসমুহ

### নির্বাহী পরিচালক

# স্বাস্থ্য ও নিরাপত্তা সক্রান্ত সকল প্রকার জবাবদিহিতা নিশ্চিত করণ।

# **চূড়ান্ত সিদ্ধান্ত** প্রদান।

### সিঃ মহাব্যবস্থাপক (অপারেশন)

# স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা বাস্তবায়নের বিষয়ে সকল তথ্য বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কে দ্রুত সিদ্ধান্ত দিবেন ।

# উৎপাদন সংশ্লিষ্ট ও অন্যান্য কর্মকর্তাগনের স্বাস্থ্য নীতিমালা বিষয়ে কোন অভিযোগ/সমস্যা থাকলে অবশ্যই সিঃ মহাব্যবস্থাপক (অপারেশন) দ্রুত সিদ্ধান্ত দিবেন ।

### উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স)

# স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা সংক্রান্ত সকল বিষয়ের সুষ্ট সমাধানের উদ্ধতর্ন কর্মকর্তাগনের সাথে আলোচনা সাপেক্ষ্যে বিষয়টি তদারকি করবেন।

### ব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)

# পলিসি বাস্তবায়নের ব্যাপারে সকল সেকশনের সাথে সমন্বয় করা ।
# পলিসি বাস্তবায়নের ব্যাপারে কোন বিচ্যুতি ঘটলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা ।
# গুরুতর জখমের ব্যাপারে পার্শ্ববর্তী হাসাপাতালের সাথে চুক্তি করা ।
# ফ্যাক্টরীর ক্লিনারদের দ্বারা ফ্লোরের সকল সিড়ি, টয়লেট এবং মেঝে সমুহ সর্বাত্নক পরিস্কার পরিচ্ছন্ন রাখা ।
# ফ্যাক্টরীর ওয়েষ্ট যেমন ঝুট, পলি, কার্টন, মেশিন ওয়েল অপ্রয়োজনীয় কাগজ পত্রাদী নিরাপদে সতর্কতার সাথে সংরক্ষণ করা ।
# ফ্যাক্টরীতে ডাক্তার কর্তৃক প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণের ব্যাপারে সকল সেকশনের সাথে সমন্বয় করা ।

### ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)

# পর্যাপ্ত পরিমান পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য জীবানুনাশক সরবরাহ নিশ্চিত করা ।
# কারখানার ওয়েষ্ট (ঝুট, পলি, কার্টুন, মেশিন ওয়েল অপ্রয়োজনীয় কাগজ পত্রাদী নিরাপদে সতর্কতার সাথে সংরক্ষণের ব্যাপারে পর্যবেক্ষণ করা ।
# দৈনিক চেক লিষ্ট অনুযায়ী ফাষ্ট এইড বক্স সমুহ কার্যকর আছে কিনা তা পরিদর্শন করা ।
# শ্রমিকদের সচেতন করার লক্ষ্যে ফ্যাক্টরীর বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত বিভিন্ন লিফলেট পোষ্টেড করা ।
# দৈনিক চেকলিষ্ট অনুযায়ী ফ্লোরের সকল সিড়ি, টয়লেট এবং মেঝে সমুহ পরিষ্কার আছে কিনা পর্যবেক্ষন করা ।
# নিয়মিত প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ কর্মসুচীর ব্যবস্থা করা এবং প্রশিক্ষনের রেকর্ড সংরক্ষন করা ।
# প্রতি ০৬ মাস অন্তর খাবার পানির বিশুদ্ধতার ছাড়পত্র গ্রহণের ব্যবস্থা করা ।
# প্রাথমিক চিকিৎসা সম্পর্কে রিফ্রেশার্স প্রশিক্ষণ পরিচালনা করা ।

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

**ব্যবস্থাপক (ই এম এস)**

১. সকল পরিচালন প্রক্রিয়াকে দূষণমুক্ত রাখতে পরিবেশগত পদক্ষেপ নিশ্চিত করা।
২. কোম্পনীর সকল কর্মচারীকে ইএমএস এর উদ্দেশ্য অবহিত করন,জ্ঞানদান ও প্রশিক্ষণ প্রদান করা।
৩. ঝুকি নিরুপন, বর্জ্যহ্রাস করণ (হ্রাসকরণ,পূনঃব্যবহার ও পূনঃব্যবহারযোগ্য করে তোলা)ইত্যাদির মাধ্যমে ক্রমাগত উন্নতিসাধন করা।
৪. কারখানার ওয়েষ্ট (ঝুট, পলি, কার্টুন, মেশিন ওয়েল অপ্রয়োজনীয় কাগজ পত্রাদী নিরাপদে সতর্কতার সাথে সংরক্ষণের ব্যপারে পর্যবেক্ষণ করা ।

**সহঃ ব্যবস্থাপক(ফায়ার)ঃ**

দৈনিক চেক লিষ্ট অনুযায়ী সকল ফায়ার সেফটি যন্ত্রপাতি সমুহ কার্যকর আছে কিনা তা পরিদর্শন করা ।
যদি ফ্যাক্টরীতে কোন ছোট অগ্নি দূর্ঘটনা ঘটে তাহলে কারখানার নিজস্ব ফায়ার ফাইটার দ্বারা মোকাবেলা করা, কেউ আহত হলে উদ্ধার কর্মী দ্বারা নিরাপদে উদ্ধার কাজ পরিচালনা করা কোন শ্রমিক/কর্মচারী গুরুতর জখম হলে তাকে প্রয়োজনীয় চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা ।

**কমপ্লায়েন্স অফিসার**

# ফ্যাক্টরীর পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে শ্রমিক/কর্মচারীদের সচেতন করা ।
# শ্রমিকদের সচেতন করার লক্ষ্যে ফ্যাক্টরীর বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত বিভিন্ন লিফলেট প্রদর্শিত আছে কিনা তা পর্যবেক্ষণ করা ।
# প্রতি ফ্লোরে ও পিএম সাহেবদের রুমে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির ছবি ও প্রয়োজনীয় ঔষধপত্র সম্বলিত প্রাথমিক চিকিৎসা বক্স আছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ করা ।
# যদি ফ্যাক্টরীতে কোন ছোট অগ্নি দূর্ঘটনা ঘটে তাহলে কোন শ্রমিক/কর্মচারী গুরুতর জখম হলে তাকে প্রয়োজনীয় চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানোর ব্যবস্থা গ্রহন করা ।
# শ্রমিক/কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণের ব্যাপারে সহায়তা প্রদান করা ও প্রশিক্ষণের রেকর্ড সংরক্ষন করা ।

**মেডিকেল অফিসারঃ**

# যদি ফ্যাক্টরীতে কখনও কোন ধরনের দূর্ঘটনা ঘটে এবং কোন শ্রমিক/কর্মচারী গুরুতর আহত/জখম হলে তাকে প্রয়োজনীয় চিকিৎসার জন্য চুক্তিকৃত গনস্বাস্থ্য হাসপাতালে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা ।
# শ্রমিক/কর্মচারীদের নিয়মিত প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষন ও প্রাথমিক চিকিৎসা দলের সদস্যদের রিফ্রেশার্স প্রশিক্ষণ দেয়া ।
# মেডিকেল রুমে পর্যাপ্ত পরিমান ঔষধ সংরক্ষনের নিশ্চয়তা বিধান করা ।
# অসুস্থ/জখম প্রাপ্ত শ্রমিক/কর্মচারীদের শারীরিক অবস্থা বিবেচনা করিয়া ছুটির জন্য সুপারিশ করিবে ।

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

**স্বাস্থ্য  ও নিরাপত্তা বিধি সংক্রান্ত কমিটির প্রতিনিধিঃ**

# শৃঙ্খলাবোধে উৎসাহিত করা, নিরাপত্তা, পেশাগত স্বাস্থ্য এবং কাজের অবস্থার উন্নতি বিধান ও সংরক্ষনের ব্যবস্থা করা ।
# বৃত্তিমূলক প্রশিক্ষন, শ্রমিক শিক্ষা এবং পরিবার কল্যান প্রশিক্ষনে উৎসাহিত করা ।
# উৎপাদনের লক্ষমাত্রা অর্জন, উৎপাদনশীলতা বৃদ্ধি, উৎপাদন খরচ হ্রাস এবং অপচয় রোধ করা এবং উৎপাদিত দ্রব্যের মান উন্নত করা ।
# স্বাস্থ্য বিধি সংক্রান্ত কমিটির কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থার সুপারিশ করা ও তৎসম্পর্কে আলোচনা ও মতবিনিময়ের জন্য প্রতি মাসে একবার সভার আয়োজন করা ।
# কোম্পানী প্রদত্ত বিভিন্ন সুযোগ সুবিধা শ্রমিকদের জানানো ।

## ৩. কার্যপ্রনালী ও কার্যপোকরণ (Routines & Procedures)

বাংলাদেশে গামের্ন্টস শিল্প একটি অনন্য রপ্তানী মুখী প্রতিষ্ঠান। গুনগত মানের জন্য বিশ্ব জুড়ে যার সুনাম রয়েছে । প্রতি বছর বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত গুলোর মধ্যে গামের্ন্টস শিল্প খাত থেকে সিংহভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হয় । বিংশ শতাব্দীর নব্বই দশকে বাংলাদেশে গামের্ন্টস শিল্পের প্রসার খুবই উৎসাহ ব্যঞ্জক। এর মধ্যে ষ্টারলিং ডেনিমস্ লিঃ একটি অন্যতম গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান।

**ষ্টারলিং ডেনিমস্ লিঃ** একটি বৃহৎ পোশাক উৎপাদনকারী ও রপ্তানীকারক প্রতিষ্ঠান। সহস্রাধিক শ্রমিক এই প্রতিষ্ঠানে কর্মরত। শ্রম নিবিড় রপ্তানীমূখী গামেন্টর্স ইন্ড্রাষ্ট্রিজ এর জন্য  নিরাপত্তা বিষয়টি অত্যান্ত গুরুত্বপূর্ন। **ষ্টারলিং ডেনিমস্ লিঃ** নিরাপত্তা বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে।

ষ্টারলিং ডেনিমস্ লিঃ তাহার কাঠামো ও সকল কর্মকান্ডের অর্থাৎ কার্যকালীন সময়ে একজন শ্রমিক বা কারখানায় কর্মরত যে কেহ কি কি ধরণের সম্ভাব্য ঝুকির মধ্যে রয়েছে তা কর্তৃপক্ষ কর্তৃক নির্ণয় পূর্বক প্রয়োজনীয় প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

১. নিরাপত্তা কর্মী - ৫ম তফসিল ভুক্ত । নাইট ডিউটি করার সময় আগন্তক কর্তৃক আক্রান্ড় হওয়ার সম্ভাবনা । তাই ডিউটি গেইটের অভ্যন্তরে সীমাবদ্ধ রাখা হইল এবং প্রয়োজনীয় টর্চ এবং বাশীর ব্যবস্থা করণ।
২. একজন অপারেটর / হেলপার / কিউসি - ৫ম তফসিল ভুক্ত। কর্মকালীন সময়ে অপারেটরগণ নিডেল গার্ড বিহীন মেশিন কর্তৃক আঘাত প্রাপ্ত হতে পারেন। তাই প্রতিটি মেশিনে নিডেল গার্ড বাধ্যতামূলক করা হইল। অপারেটর / হেলপার কর্তৃক ব্যবহৃত কাটার নিরাপত্তা বাধন যুক্ত হতে হবে যাহা বাধ্যতামূলক।
৩. প্রতিটি মেশিনে বৈদ্যুতিক মটর ব্যবহার হয়, ফলে বিদ্যুৎ শক হতে রক্ষার স্বার্থে তিন ফেইস ব্যবহারের বাধ্যবাধকতা আরোপ করা হল।
৪. প্রতিটি মটরের সহিত বেল্ট সংযোগ থাকার ফলে বেল্ট কাভার অবশ্যই থাকতে হবে।

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

৫. পোষাক উৎপাদনকারী প্রতিষ্ঠান শ্রমঘণ কর্মপরিবেশ হওয়ার ফলে এবং মহিলা শ্রমিকের সংখ্যা অধিকের বিষয়টি গুরুতর বিবেচনা করিয়া খোলা চুলে এবং শাড়ী পরিধান করে উৎপাদন এলাকায় কাজ করা নিষিদ্ধ করা হইল।

৬. ঘূর্ণায়মান মটরের উপস্থিতির কারণে পুলি কাভার বিহীন মেশিন ব্যবহার না করা এবং অনতি বিলম্বে মেরামত বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশ দেয়া হইল।

৭. অধিক মহিলা শ্রমিকের উপস্থিতির ফলে এবং ওড়না বা লেইস জাতীয় পোষাকের বহুল ব্যবহারের প্রবণতার ফলে ঘুর্ণায়মান মটরের সহিত দূঘটনার সমূহ সম্ভাবনার বিষটি বিবেচনা করিয়া উল্লেখিত পোষাকের অংশ সমূহকে নিয়ন্ত্রনের মধ্যে রেখে উৎপাদন এলাকায় প্রবেশের নির্দেশ দেয়া হল।

৮. অগ্নি দুঃঘটনা থেকে রক্ষা পাওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক ও সুপরিসর হাটার রাস্ত্মর ব্যবস্থা গ্রহণ করা এবং একাধিক জরুরী বহিঃগমণ এর ব্যবস্থা রাখা।

৯. উচু দালান বিশিষ্ট কারখানার ক্ষেত্রে সুপরিসর এবং একাধীক ৪০ ডিগ্রীর বাকানো সিড়ি ব্যবস্থা নিশ্চিত করণ।

১০.বারটেক অপারেটর, ওভারলক মেশিন অপারেটর, হল মেশিন অপারেটর ভাঙ্গা নিডেলের অংশ থেকে চোখ রক্ষার জন্য অবশ্যই আই গার্ড ব্যবহার করবেন। ওভার লক মেশিন থেকে প্রচুর পরিমানে ইয়ার্ণ ডাষ্ট সৃষ্টির কারণে অপারেটরকে অবশ্যই মাক্স ব্যবহার করতে হবে। ড্রাই প্রসেস এরিয়ায় স্ক্রাপিং এর মাধ্যমে প্রচুর ডাস্ট সৃষ্টি হয়, তাই এই সকল এরিয়ার শ্রমিকদের নিরাপত্তার জন্য ডাষ্ট মাস্ক পরিধান অত্যাবশ্যকীয়। এছাড়াও ড্রায়ার থেকে নির্গত ডাস্ট এর মাধ্যমে পরিবেশের ক্ষতি হয় তাই কর্তৃপক্ষ উক্ত ক্ষতির হাত থেকে পরিবেশ রক্ষা করার জন্য ডাক্টের মাধ্যমে উক্ত ডাস্টকে পানিতে নির্গত করা হয় যাতে ডাস্ট খোলা বাতাসে না যেতে পারে।

১১.কাটিং শ্রমিক বৃন্দ - কাটার মেশিনের মাধ্যমে কাপড় কাটার সময় ডাস্ট উৎপন্ন করে থাকেন তাই কাপড় কাটার সময় পাস্ট মাস্ক পরিধান করতে হবে। তাছাড়া কাটিং নাইফ এর নিরাপদ ব্যবস্থা করার জন্য কাটারম্যান কাটিং এর সময় মেটাল হ্যান্ড গ্লাবস্ ব্যবহার করা বাধ্যতামূলক।

১২. গার্মেন্টস স্পট রিমুভিং এরিয়ায়, ওয়েট প্রসেস এরিয়ায়, পিপি এরিয়ায় ব্যবহৃত বিভিন্ন ধরনের ক্ষতিকর কেমিক্যাল নিশ্বাসের সাথে শরীরে প্রবেশ করে। স্বাস্থ্য রক্ষার্থে এ সকল কাজে নিয়োজিত শ্রমিকদের নির্ধারিত মানের ফিল্টার মাস্ক ব্যবহার করা উচিত

১৩.ব্যন্ড নাইফ এবং ফিউজিং মেশিনে কর্মরত সকল শ্রমিকে প্রয়োজনীয় পিপিই ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে।স্বাস্থ্য ও নিরাপত্তার ক্ষেত্রে নিম্ন লিখিত পদ্ধতি অনুসরন করা হইবে।:-

১. তড়িতাহত হইতে রক্ষার ব্যবস্থা করণ। (বৈদ্যতিক শক)

২. শ্বাস জনিত দুরারোগ্য হইতে মুক্ত থাকতে সঠিক নিয়মে মাক্স ব্যবহার নিশ্চিত করণ।

৩. ধারালো বস্তু (টুলস্) থেকে রক্ষার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করণ।

৪. আয়রণ ম্যাট এবং নিডেল গার্ড এর ব্যবস্থা নিশ্চিত করণ।

৫. ভাঙ্গা নিডেল প্রক্রিয়া কঠিনভাবে নিয়ন্ত্রণ করণ।

৬. মহিলা শ্রমিকদের চুল ও ওড়না নিরাপদ করণ।

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

ওয়েলফেয়ার অফিসার/কমপ্লায়েন্স অফিসার/ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)/ব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন) কারখানার সকল শ্রমিক,কর্মকর্তা/কর্মচারীগনের মধ্যে প্রশিক্ষন এর মাধ্যমে স্বাস্থ্য নীতিমালা সম্পর্কে সচেতনা বৃদ্ধি করবে।

## ৩.১রুটিন ও প্রসিডিউর

### ৩.১ বাস্তবায়ন রুটিন

| কার্যক্রম সমুহ/Activities (What) | প্রক্রিয়া/Procedure (How) | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ (Who/Designation) | বাস্তবায়নের সময় (When) | বাস্তবায়নের সময়সীমা (Time Line) |
|---|---|---|---|---|
| ০১. শ্রমিকদের জন্য চিকিৎসা চুক্তিপত্র। | ফ্যাক্টরীর নিকটে অবস্থিত গনস্বাস্থ্য হাসপাতালের সাথে শ্রমিকদের চিকিৎসার জন্য চুক্তি পত্র করতে হবে। | মহাব্যবস্থাপক(অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স)/ ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)/ ব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ) | প্রতি ০২ বৎসর অন্তর | প্রয়োজন অনুযায়ী |
| ০২. ডাক্তারের ব্যবস্থা | কোম্পানীর স্বাস্থ্য নীতিমালা অনুসরন করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ) | ফ্যাক্টরী চলাকালীন সময় | ফ্যাক্টরী চলাকালীন সময় |
| ০৩. প্রাথমিক চিকিৎসা বক্স, বক্সে তালিকা অনুযায়ী পর্যাপ্ত ঔষধ রক্ষিত আছে কিনা, মেয়াদউত্তীর্ন ঔষধ আছে কিনা, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির ছবি প্রদর্শিত আছে কিনা নিয়মিত পরিদর্শন। | কোম্পানীর স্বাস্থ্য নীতিমালা অনুসরন করতে হবে। | কমপ্লায়েন্স অফিসার/ ওয়েলফেয়ার অফিসার /মেডিকেল অফিসার | ফ্যাক্টরী চলাকালীন সময় | ফ্যাক্টরী চলাকালীন সময় |
| ০৪. প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষন কর্মসুচী | কোম্পানীর স্বাস্থ্য নীতিমালা অনুসরন করতে হবে। | কমপলায়েন্স অফিসার/ মেডিকেল অফিসার | ফ্যাক্টরী চলাকালীন সময় | প্রশিক্ষণ সময়সূচি অনুযায়ী |
| ০৫. এ্যাম্বুলেন্স | ফ্যাক্টরীর নিকটে অবস্থিত গনস্বাস্থ্য হাসপাতালের সাথে শ্রমিকদের চিকিৎসার জন্য এ্যম্বুলেন্স সহায়তার ব্যবস্থা করতে হবে। | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)/ ব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ) | ফ্যাক্টরী চলাকালীন সময় | প্রয়োজন অনুযায়ী |
| ০৬. পরিস্কার পরিচ্ছন্নতা | # ওয়াশিং, ই টি পি, কাটিং, সুইং, ফিনিশিং, ষ্টোর, | ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ)/ | ফ্যাক্টরী চলাকালীন সময় | ফ্যাক্টরী চলাকালীন সময় |

| | | | | |
|---|---|---|---|---|
| | ডাইনিং, মেইন গেইট, সিড়ি ও যাতায়াতের স্থান সার্বক্ষনিক পরিস্কারের ব্যবস্থা করতে হবে।<br># সিড়ি ও যাতায়াতের স্থান জীবানু নাশক দ্বারা ধৌত করতে হবে।<br># জুট, পলি, কার্টন নির্দিষ্ট জায়গায় সংরক্ষণ করতে হবে।<br># কর্মস্থলের দেয়াল ও কার্ণিশ চুনকাম | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)/ স্বাস্থ্য বিধি সংক্রান্ত কমিটির প্রতিনিধি | | |
| ০৭. আলো, বায়ু চলাচল ও তাপমাত্রা | গরমের সময় বায়ু চলাচল এবং শীতের সময় সহনীয় তাপমাত্রা সংরক্ষণের মাধ্যমে ফ্যাক্টরীতে শ্রমিকদের কাজের অনুকুল পরিবেশ বজায় লাখতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ)/ ব্যবস্থাপক (কমপ্লায়েন্স) | ফ্যাক্টরী চলাকালীন সময় | ফ্যাক্টরী চলাকালীন সময় |
| ০৮. খাবার পানি | # কারখানার ছাদে রক্ষিত পানি বিশুদ্ধকরন প্লান্ট দৈনিক ব্যক ওয়াশ করতে হবে এবং রেকর্ড সংরক্ষন করতে হবে।<br># প্রতি ০৩ মাস অন্তর পানি বিশুদ্ধকরন প্লান্টের ফিল্টার পরিবর্তন করতে হবে।<br># প্রতি ০৬ মাস অন্তর খাবার পানি বিশুদ্ধতার ছাড়পত্র গ্রহণ করিতে হইবে। | ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ) ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)/ কমপ্লায়েন্স অফিসার | # দৈনিক ০১ বার<br># প্রতি ০৩ মাস অন্তর অন্তর<br># প্রতি ০৬ মাস অন্তর অন্তর | প্রয়োজন অনুযায়ী |
| ০৯. টয়লেট | কোম্পানীর স্বাস্থ্য নীতিমালা অনুসরন করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ)/ ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)/ স্বাস্থ্য বিধি সংক্রান্ত কমিটির প্রতিনিধি | ফ্যাক্টরী চলাকালীন সময় | ফ্যাক্টরী চলাকালীন সময় |
| ১০. অতিরিক্ত ভীড় | কোম্পানীর স্বাস্থ্য নীতিমালা অনুসরন করতে হবে। | সহঃ ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ) ব্যবস্থাপক (কমপ্লায়েন্স) | ফ্যাক্টরী চলাকালীন সময় | ফ্যাক্টরী চলাকালীন সময় |
| ১১. ব্যক্তিগত নিরাপত্তা মুলক সরঞ্জামাদীর ব্যবহার | সকল সেকশনের কর্মক্ষেত্রের ঝুকি ও তার প্রতিকার ব্যবস্থা অনুযায়ী ব্যক্তিগত বা আত্মরক্ষা মুলক সরঞ্জামাদীর ব্যবহার নিশ্চিত করা। | ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)/ কমপ্লায়েন্স অফিসার/ ওয়েলফেয়ার অফিসার | ফ্যাক্টরী চলাকালীন সময় | ফ্যাক্টরী চলাকালীন সময় |

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

## ৩.২ যোগাযোগ রুটিন

| কার্যক্রম সমুহ Activities (What) | কম্যুনিকেশনের ধরন Procedure (How)/types of communication tools | বাস্তবায়নকারী (Who) | বাস্তবায়নের সময় (When) | সময়সীমা (Time Line) |
|---|---|---|---|---|
| ০১. সদস্যদের অবহিত করা | সভা/নোটিশ এর মাধ্যমে (সভার কার্যবিবরনী সংরক্ষন করা হয়) | মহা-ব্যবস্থাপক(অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন, মানব সম্পদ ও কমপ্লায়েন্স)/ব্যবস্থাপক(ইএমএস ) ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)/ ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ)/ মেডিকেল অফিসার/ কমপ্লায়েন্স অফিসার/ ওয়েল ফেয়ার অফিসার/ স্বাস্থ্য বিধি সংক্রান্ত কমিটির প্রতিনিধি | স্বাস্থ্য নীতিমালা প্রতিষ্ঠীত / পরিবর্ধন /ইন্টারনাল অডিট এর পর | প্রশিক্ষণ সময়সূচি অনুযায়ী |
| ০২. সর্বোচ্চ কর্তৃপক্ষকে অবহিত করা। | সভার মাধ্যমে (সভার কার্যবিবরনী সংরক্ষন করা হয়) | মহা-ব্যবস্থাপক (অপারেশন)/উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন, মানব সম্পদ ও কমপ্লায়েন্স)/ব্যবস্থাপক(ইএমএস ) /ব্যবস্থাপক(কমপ্লায়েন্স) /ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ) | স্বাস্থ্য নীতিমালা প্রতিষ্ঠীত / পরিবর্ধন /ইন্টারনাল অডিট এর পর | প্রশিক্ষণ সময়সূচি অনুযায়ী |
| ০৩. কাজে যোগদানকৃত নতুন শ্রমিক/কর্মচারীদের অবহিত করা হয়। | পিএ সিস্টেম/সভার / প্রশিক্ষনের মাধ্যমে (সভা/প্রশিক্ষনের সময় ও কার্যবিবরনী সংরক্ষন করা হয়) | কমপ্লায়েন্স অফিসার/ ওয়েল ফেয়ার অফিসার | কাজে যোগদানের পর যত শীঘ্রই সম্ভব। | প্রশিক্ষণ সময়সূচি অনুযায়ী |
| ০৪. পুরাতন শ্রমিক/কর্মচারীদের অবহিত করা। | পিএ সিস্টেম/সভার / প্রশিক্ষনের মাধ্যমে (সভা/প্রশিক্ষনের সময় ও কার্যবিবরনী সংরক্ষন করা হয়) | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন, মানব সম্পদ ও কমপ্লায়েন্স )/ব্যবস্থাপক(ইএমএস) ব্যবস্থাপক(কমপ্লায়েন্স) | যত শীঘ্রই সম্ভব সকল পুরাতন শ্রমিক/কর্মচরীদের | প্রশিক্ষণ সময়সূচি অনুযায়ী |
| ০৫. প্রাথমিক চিকিৎসা দল সদস্যদের রিফ্রেশার্স | সভার / প্রশিক্ষনের মাধ্যমে (সভা/প্রশিক্ষনের সময় ও | মেডিক্রল অফিসার | যত শীঘ্রই সম্ভব সকল সদস্যদের | প্রশিক্ষণ সময়সূচি অনুযায়ী |

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

| | | | | |
|---|---|---|---|---|
| প্রশিক্ষন প্রদান করা | কার্যবিবরনী সংরক্ষন করা হয়) | | | |

## ৩.৩ ফিডব্যাক এবং কন্ট্রোল রুটিন

| কার্যক্রম সমুহ **Activities (What)** | কম্যুনিকেশনের ধরন **Procedure (How)** | বাস্তবায়নকারী **(Who)** | বাস্তবায়নের সময় **(When)** |
|---|---|---|---|
| ০১. ইন্টারনাল অডিট | ইন্টারনাল অডিট করা হইবে নিম্নোক্ত বিষয়ের উপর ভিত্তি করে ঃ<br>ক) শ্রমিক/কর্মচারীদের ইন্টারভিউ।<br>খ) কর্মকর্তাদের ইন্টারভিউ।<br>গ) প্রাথমিক চিকিৎসা দলের সদস্যদের ইন্টারভিউ।<br>গ) ডকুমেন্ট পরিক্ষা।<br>ঘ) চাক্ষুষ নিরীক্ষন।<br>প্রশিক্ষন রুটিন ও সময়সুচী সঠিকভাবে অনুসরন করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষন করা। | ইন্টারনাল অডিট টিম | প্রতিষ্টানের গুরুত্ব অনুসারে |
| ০২. রিপোটিং | # অডিট এর মাধ্যমে প্রাপ্ত সমস্যগুলোর ভিত্তিতে রিপোর্ট তৈরী করা।<br># সদস্য ও সর্বোচ্চ কর্মকর্তাদের নিয়ে সভা অনুষ্ঠিত করা।<br># সমস্যার কারন নির্ণয় করা।<br># ক্যাপ তৈরী করা। | স্বাস্থ্য নীতিমালা বাস্তবায়নকারী **সর্বোচ্চ কর্তৃপক্ষ** | যত শীঘ্রই সম্ভব। |
| ০৩. কন্ট্রোল | # পুণঃ কোন সম্ভাব্য ঘটনার জন্য বিপদ বিশ্লেষন করা।<br># নিবারক কার্যাবলী – আয়ত্বাধীন কোন সমস্যা পুনঃ হলে নিবারনের জন্য কি পদক্ষেপ গ্রহন করা হইবে। | স্বাস্থ্য নীতিমালা বাস্তবায়নকারী **সর্বোচ্চ কর্তৃপক্ষ** | প্রতিষ্টানের গুরুত্ব অনুসারে |
| ০৪. রিমেডিয়েশন | # যদি ফিডব্যাক এর ফলাফলের মাধ্যমে বাস্তবায়ন প্রক্রিয়া পরিবর্তন দরকার হয়, তদানুসারে পরিবর্তন করিতে হইবে। | স্বাস্থ্য নীতিমালা বাস্তবায়নকারী **সর্বোচ্চ কর্তৃপক্ষ** | প্রতিষ্ঠানের প্রয়োজন অনুসারে |

## ৪. যোগাযোগ ও বাস্তবায়ন

# ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

**৪.১ যোগাযোগ ঃ** যোগাযোগ রুটিন (৩.২) অনুসরন করতে হবে।

**৪.২ বাস্তবায়ন ঃ** বাস্তবায়ন রুটিন (৩.১) অনুসরন করতে হবে।

**৪.৩ ফিডব্যাক এবং কন্ট্রোল ঃ** ফিডব্যাক এবং কন্ট্রোল রুটিন (৩.৩) অনুসরন করতে হবে।